Mastodon Marketplace

# মাস্টোডোন মার্কেটপ্লেস

| | |
|---|---|
| **প্রতিষ্ঠান:** | মাস্টোডোন মার্কেটপ্লেস লিমিটেড |
| **প্রতিষ্ঠাতা:** | ফরিদুল হাসান শুভ |
| **যাত্রা:** | ২০১৫ |
| **ইন্ডাস্ট্রি:** | পরিবহন, লজিস্টিক এবং ই-কমার্স |
| **ওয়েবসাইট:** | mastodonbd.com |

**মাস্টোডোন মার্কেটপ্লেস** হলো যানবাহন এবং গাড়ির খুচরা যন্ত্রাংশের ক্রয়-বিক্রয়ের জন্য একটি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা এআই বেইজড মার্কেটপ্লেস। এই মার্কেটপ্লেসটির মাধ্যমে গ্রাহকদের তাদের মূল্য, গুণমান এবং কাস্টমার রিভিউ অনুসারে পণ্য এবং দোকানের তুলনা করতে সহযোগিতা করার পাশাপাশি সারা বিশ্বজুরে অটোমোবাইল এবং খুচরা যন্ত্রাংশ এর ক্রেতা এবং বিক্রেতাদের একই প্ল্যাটফর্মে সংযুক্ত করে।




স্টার্টআপটির প্রতিষ্ঠাতা ফরিদুল হাসান শুভ ২০১৫ সালে 'মাস্টোডোন ওয়াশ' নামে উক্ত প্রতিষ্ঠানটির যাত্রা শুরু করেন। প্রাথমিক অবস্থায় স্টার্টআপটি গাড়ি ক্লিনিং সেবা প্রদান করলেও বর্তমানে এই প্রতিষ্ঠান রিপেয়ারিং সেবাসহ অটোমোবাইল খাত এর বিভিন্ন পন্য ও সেবা নিয়ে কাজ করছে। অ্যাক্সেসরিজ, কার কেয়ার, কার লুব্রিকেন্ট, উইল, রিম ও টায়ার, টুলসহ বেশ কিছু ক্যাটেগরি রয়েছে যা গ্রাহকের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। এ প্ল্যাটফর্মে বিক্রেতাদের জন্য রয়েছে সেলার অ্যাকাউন্ট ব্যবস্থা যার মাধ্যমে নিবন্ধন শেষে ঐ বিক্রেতা তার পন্য বিক্রির জন্য তথ্য আপলোড করতে পারেন। ক্রেতাগণও রেজিস্ট্রেশন করে একইসাথে লগইন করে তাদের কাঙ্খিত পন্য বা সেবা গ্রহণ করতে পারবেন। উল্লেখ্য যে, ক্রেতা তার প্রতিটি অর্ডার নির্ধারিত অর্ডার কোড ব্যবহার করে উক্ত অর্ডারটির স্ট্যাটাস ট্র্যাক করতে পারে এ প্ল্যাটফর্মটির মাধ্যমে। এছাড়া, প্রতিষ্ঠানটি হোম ডেলিভারি সেবাও অন্তর্ভুক্ত করেছে।

**অর্থনৈতিক পরিসর** স্টার্টআপ প্রতিষ্ঠানটি ২০২০ সালে আইডিয়া প্রকল্প থেকে ১০ লক্ষ টাকা অনুদান এর জন্য মনোনয়ন পায় এবং এর কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটির বর্তমান মাসিক গড় আয় প্রায় ২৫ লক্ষ টাকা এবং বার্ষিক রেভিনিউ প্রায় ৩ কোটি টাকারও বেশি। ছোট পরিসরে শুরু হলেও বর্তমানে ২১ জন দক্ষ কর্মী নিয়ে প্রতিষ্ঠানটি পরিচালিত হচ্ছে যেখানে প্রতিমাসে বেতন বাবদ প্রায় ৯ লক্ষ টাকা প্রদান করছে উদীয়মান স্টার্টআপটি। বর্তমানে প্রতিষ্ঠানটি আমেরিকার একটি সূত্র থেকে ইক্যুইটির বিনিময়ে ১ লক্ষ ইউএস ডলারের বেশি অর্থ বিনিয়োগ করতে যাচ্ছে। গত ডিসেম্বর ২০২৩ এ স্টার্টআপটি ব্রেক-ইভেন পয়েন্টে পৌঁছাতে সক্ষম হয়েছে। উল্লেখ্য যে, মাস্টোডোন মার্কেটপ্লেস ২০২২ সালে মাইক্রোসফট কর্তৃক আয়োজিত স্টার্টআপস ফাউন্ডার্স হাব এর মাধ্যমে টেকনিক্যাল ডেভেলপমেন্ট এর জন্য ১.৫ লাখ ইউএস ডলার ক্রেডিট অনুদান পায় যা প্রতিষ্ঠানটিকে প্রযুক্তিগত উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছে।

**ব্যাপ্তি** মাস্টোডোন মার্কেটপ্লেস বাংলাদেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য ডেলাওয়্যার, উভয় স্থানে নিবন্ধিত। দেশের মধ্যে ঢাকা ও এর বাইরে রংপুর, সিলেট এবং চট্টগ্রামে ইতোমধ্যে প্রতিষ্ঠানটি তার কার্যক্রমকে প্রসারিত করেছে। এ প্ল্যাটফর্ম থেকে ৫ হাজারের বেশি সরবরাহকারী এখন উপকৃত হচ্ছে। এ পর্যন্ত প্রায় ১৫ হাজার গ্রাহককে প্রতিষ্ঠানটি সেবা দিতে সক্ষম হয়েছে।

**অর্জন** আন্তর্জাতিক সম্মাননা হিসেবে তুরস্কে অনুষ্ঠিত স্টার্টআপ ইস্তাম্বুল সম্মেলন ২০১৭ এর শীর্ষস্থানীয় গ্লোবাল ১ হাজার স্টার্টআপ এর তালিকায় এবং স্টার্টআপ ইস্তাম্বুল সম্মেলন ২০১৯ এর শীর্ষস্থানীয় ১০০টি স্টার্টআপের মধ্যে স্থান করে নেয় মাস্টোডোন। এছাড়া, মাইক্রোসফট ইয়াং বাংলা সামিট ২০১৮ তে সেরা ১০ এর তালিকায় স্থান করে নেয় মেধাবী এ স্টার্টআপটি।

| | |
|---|---|
| **টার্গেট গ্রুপ** | বিশেষ করে যানবাহন এর সাথে সংশ্লিষ্ট বা ব্যবহারকারী বা মালিকগণ। |
| **অপারেশন এরিয়া** | বাংলাদেশের মধ্যে ঢাকা ও এর বাইরে রংপুর, সিলেট এবং চট্টগ্রাম। |
| **জনবল** | ২১ জন। |

Mastodon Marketplace

# Mastodon Marketplace Limited

**Company** : Mastodon Marketplace Limited
**Founder** : Faridul Hasan Shuvo
**Since** : 2015
**Industry** : Transportation, Logistics and E-Commerce
**Website** : mastodonbd.com

**Mastodon Marketplace** is an Artificial intelligence or AI-powered marketplace for buying and selling vehicles and auto spare parts. This marketplace connects buyers and sellers of automobiles and spare parts across the globe on the same platform, helping customers compare products and shops based on their price, quality and customer reviews.




The founder of the startup, Mr. Faridul Hasan Shuvo, started the journey of the company called Mastodon Wash in 2015. Initially, the startup provided car cleaning services, but now this company is working with different products and services in the automobile sector including repair services. Accessories, Car Care, Car Lubricants, Wills, Rims & Tires, and Tools have several categories that are very essential for the customer. This platform has a seller account system for sellers through which after registration the seller can upload information for selling his products. Buyers can register and log in simultaneously to receive their desired products or services. It should be noted that the buyer can track the status of the order using the specified order code for each order through this platform. Besides, the company has also included home delivery services.

### Financial Status

The startup was nominated for a grant of BDT 10 lakh from the iDEA Project in 2020 and started its operations on a bigger scale. The current average monthly income of the company is about BDT 25 lakhs and annual revenue is more than about 3 crores. Although started on a small scale, the company is currently running with 21 skilled employees where the developing startup is paying around BDT 9 lakh per month as salary. Currently, the company is going to invest more than 1 lakh US dollars in exchange for equity from an American source. The startup was able to reach the break-even point last December 2023. It should be noted that Mastodon Marketplace has a unique role in technical development as a result of receiving a US$1.5 lakh credit grant for technical development through the Microsoft for Startups Founders Hub in 2022.

### Expansion

Mastodon Marketplace is registered in both Bangladesh and Delaware, USA. More than 5 thousand suppliers are now benefiting from this platform. The company has been able to serve about 15 thousand customers so far.

### Achievement

As an international honor, Mastodon was ranked among the top 1000 startups at the Startup Istanbul Conference 2017 and among the top 100 startups at the Startup Istanbul Conference 2019. In addition, this competent startup was ranked among the top 10 in Microsoft Summit 2018.

### Target Group

Everyone, but particularly those who are involved with, operate, or own vehicles.

### Operation Area

Within Bangladesh, it has already expanded its operations to Dhaka and also in Rangpur, Sylhet and Chattogram.

### Human Resources

21 Employees